MAY 29 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...



নারায়ণগঞ্জ ঃ গ্রেফতারকৃতদের আদালতে নেয়া হচ্ছে —ইত্তেফাক

# নারায়ণগঞ্জে বিডিআর অভিযান ॥ ৯ ছাত্রদল নেতা-কর্মী গ্রেফতার ॥ প্রহার ও বাড়ীঘর তছনছ

নারায়ণগঞ্জ সংবাদদাতা ॥ বিডিআর গত সোমবার রাতে নারায়ণগঞ্জের বিভিন্নস্থানে ৩ ঘন্টা অভিযান চালিয়ে জেলা ছাত্রদলের সহ-সভাপতিসহ ৯ জন ছাত্রদলের নেতা-কর্মীকে গ্রেফতার করেছে। সোমবার মধ্যরাতের পর থেকে ভোর রাত পর্যন্ত মাসদাইর দেওভোগ মিশনপাড়া কিল্লারপুল ও ঈশা খাঁ রোডে অভিযান চালিয়ে জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি জাহিদ হাসান রোজেল (৩২), জেলা ছাত্র দলের সভাপতি জাকির খানের ভাই মামুন খান (২৫), মহানগর যুবদলের যুগ্ম আহ্বায়ক মমিনউল্লাহ ডেভিডের ছোট ভাই (২য় পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## না'গঞ্জে বিডিআর

(১ম পৃঃ পর)

শাহাদৎ উল্লাহ জুয়েল (৩২), ছাত্রদল নেতা আনোয়ারুল করীম ভুঁইয়া টিটু (৩৪), তার ভাই কবীর আহম্মদ মিঠু (৩৪), সাজেদ (২২), রানা (২১), মোহাম্মদ হোসেন (২৮) ও আবুল হোসেন রিপন (২৮)। বিডিআর রিপনের কাছ থেকে ৭ রাউন্ড গুলীভর্তি একটি পিস্তল ও জুয়েলের বাড়ী থেকে একটি তলোয়ার উদ্ধার করেছে।

গ্রেফতারকৃত নেতাকর্মীদের পারিবারিক সূত্র দাবি করেছে, গ্রেফতার অভিযান চালানোর সময় রোজেলের বাড়ীঘর তছনছ করে। তাদের টেনে হিঁচড়ে রাস্তায় ফেলে বেদম প্রহার করে হাত-পা ও চোখ বেঁধে উঠিয়ে নিয়ে যায়। পরে ফতুল্লায় খান সাহেব ওসমান আলী স্টেডিয়ামে নিয়ে প্রহারের পর সকালে থানায় সোপর্দ করা হয় বলে গ্রেফতার হওয়া ব্যক্তিরা জানায়। সকলকে ৫৪ ধারায় আদালতে চালান দেয়া হয়।

পুলিশ সুপার জানান, গ্রেফতারকৃতরা অধিকাংশই তালিকাভুক্ত সন্ত্রাসী।

ফতুল্লা-সিদ্ধিরগঞ্জের এমপি মুহাম্মদ গিয়াসউদ্দিন জানান, নারায়ণগঞ্জ থেকে সন্ত্রাস নির্মূলে আমরা সর্বশক্তি নিয়োগ করবো। আগামী ৬ মাসের মধ্যে সকল সন্ত্রাসীকে গ্রেফতার করা হবে। সন্ত্রাসের কাছে সরকার মাথানত করবে না।

একটি সূত্র জানায়, নারায়ণগঞ্জ থেকে সন্ত্রাস, চাঁদাবাজি নির্মূল না হওয়া পর্যন্ত এ অভিযান অব্যাহত থাকবে। সরকার সমর্থক দলীয় নেতা-কর্মীদের গ্রেফতারের খবর ছিল নারায়ণগঞ্জের সাধারণ মানুষের মুখে মুখে।

### আরও ২ জন গ্রেফতার

সদর থানা পুলিশ গত সোমবার রাতে চর সৈয়দপুর এলাকা থেকে সাজাপ্রাপ্ত ফেরারী আসামী সেলিমকে (৩০) ও শহরের খানপুর এলাকা থেকে ফয়েজউল্লাহ সজলকে (২৫) গ্রেফতার করেছে। উভয়ের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে বলে পুলিশ জানায়।